

## বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন বাৎসরিক সাংস্কৃতিক সন্ধ্যা ও নৈশভোজ ।

বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন এর উদ্যোগে গত ১৬মে ২০০৯ শনিবার অনুষ্ঠিত হলো বাৎসরিক সাংস্কৃতিক সন্ধ্যা ও নৈশভোজ । এই অনুষ্ঠানের প্রধান উদ্যোক্তা ছিলেন সংগঠনের নবাগত সভাপতি জনাব মইনুল ইসলাম চৌধুরী । অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন করার জন্য সংগঠনের সকল সদস্য সার্বিক সহযোগীতা প্রদান করেন । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লেবার পার্টির স্থানীয় ফেডারেল এমপি মিঃ ক্রিস হাইস্, কাউন্সিলর মিঃ এয়ারন রোল, কাউন্সিলর মিঃ এনালগ চান্টিভিল, প্রাক্তন মেয়র ব্রান্টন বেনফিল্ড, বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন-বাংলা মেলার পৃষ্ঠপোষকবর্গ ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গসহ প্রচুর সংখ্যক বাংলাদেশী পরিবার ।

অনুষ্ঠান শুরু হয় সভাপতি স্বাগত বক্তব্যের মাধ্যমে । এরপর বক্তব্য রাখেন ফেডারেল এমপি মিঃ ক্রিস হাইস্, কাউন্সিলর মিঃ এয়ারন রোল, কাউন্সিলর মিঃ এনালগ চান্টিভিল, প্রাক্তন মেয়র ব্রান্টন বেনফিল্ড । আলোচনা পর্ব শেষ হয় সাধারণ সম্পাদক জনাব ইকবাল ফারুক এর বক্তব্যের মাধ্যমে ।

আলোচনা পর্ব শেষে উপস্থিত সকলকে নৈশভোজে আপ্যায়িত করা হয় । নৈশভোজ প্রস্তুতি ও পরিবেশনায় ছিলেন এইচ এম হাবিবুর রহমান, মোর্শেদ আলম খোকন, গোলাম জাকরিয়া, আব্দুল গফুর, মাহবুব চৌধুরী, আকতারুল ইসলাম, মোহাম্মদ কাইউম, মাইনুল ইসলাম ও ইসমাইল মিয়া ।



নৈশভোজের পর শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান । সাংস্কৃতিক অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাংস্কৃতিক সম্পাদক মোহাম্মদ কাইউম । পরিবেশিত হয় - জনাব নাজমুল ইসলামের তত্ত্বাবধানে শিশুদের গানের আসর, শিল্পী বিতার একক সংগীত । সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান আকর্ষণ ছিলো

যোদ্ধা'র পরিবেশনায় ব্যান্ড শো । যোদ্ধা'র ভোকালিস্টস আদনান ও পারমিতা'র সুরের মূর্চ্ছনায় মাতোয়ারা ছিলো হল ভর্তি দর্শক-শ্রোতা । ব্যান্ডের অন্য সদস্যরা হলো বেজ গিটারে টিটু, গিটারে ইমন, কি বোর্ডে পরশ ও ড্রামে শাওন ।